

RBI/2016-17/19

IDMD.CDD.No.112/14.04.050/2016-17

জুলাই 14, 2016

চেয়ারম্যান ও প্রাবন্ধিক নির্দেশক  
সকল তফশিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্ক  
(আর আর বি ব্যতীত)  
দারিত্বপ্রাপ্ত ডাকঘরসমূহ  
স্টক হোল্ডিং করপোরেশন অফ ইন্ডিয়া লিমিটেড (এসএইচসিআইএল)  
ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড এবং বম্বে স্টক এক্সচেঞ্জ

মহাশয়া/ মাননীয় মহাশয়,

### সভরেন গোল্ড বন্ড, 2016-17 - প্রয়োগ সংক্রান্ত নির্দেশিকা

এই বিজ্ঞপ্তিটি সভরেন গোল্ড বন্ড, 2016-17-এর উপর [GoI notification F.No.4\(7\)-W&M/2016](#) এবং জুলাই 14, 2016 তারিখাঙ্কিত [RBI circular IDMD.CDD.No.2020/14.04.050/2016-17](#)-এর সাথে সম্পর্কিত। এই সংক্রান্ত প্রায়শঃ জিজ্ঞাস্য প্রশ্নাবলী (FAQs) আমাদের ওয়েবসাইটে ([www.rbi.org.in](http://www.rbi.org.in)) প্রদত্ত আছে। এই যোজনাটি বিষয়ক প্রয়োগ সংক্রান্ত নির্দেশিকা নিম্নরূপ:

#### 1. আবেদন

জুলাই 18-22, 2016 মেয়াদকালে শাখাগুলিতে সাধারণ ব্যাঙ্কিং কাজকর্মের সময়কালে লগ্নিকারীদের থেকে আবেদনপত্র গ্রহণ করা হবে। প্রয়োজন সাপেক্ষে, আবেদনকারীর থেকে অতিরিক্ত বিশদ তথ্যাদি সংগ্রহ করা হবে। আবেদন গ্রহণকারী কার্যালয়ের নিশ্চিত করা দরকার যে আবেদনটি সর্বতোভাবে সম্পূর্ণ।

#### 2. যৌথ ধারকত্ব এবং মনোনয়ন

একাধিক যৌথ ধারকত্ব এবং ব্যক্তি মনোনয়ন (শুধু প্রথম ধারকের) থাকার অনুমতি আছে। প্রচলিত ব্যবস্থা অনুযায়ী প্রয়োজনীয় বিশদ তথ্যাদি আবেদনকারীর থেকে সংগ্রহ করতে হবে।

#### 3. আবেদনের সাথে প্রদত্ত অর্থের উপর সুদ

পেমেন্ট করা অর্থরাশি লব্ধ হওয়ার (রিয়ালাইজেশন) তারিখ থেকে শুরু করে নিষ্পত্তির তারিখ (সেটেলমেন্ট ডেট) পর্যন্ত অর্থাৎ যতদিন তাঁরা ফান্ডকে নিজের আওতার বাইরে রাখবেন ততদিনের জন্য আবেদনকারীদের বিদ্যমান সেভিংস ব্যাঙ্ক জমার হারে সুদ প্রদান করা হবে। যেক্ষেত্রে আবেদনকারীর ব্যাঙ্ক অ্যাকাউন্ট আবেদন গ্রহণকারী ব্যাঙ্কে থাকবে না, ইলেক্ট্রনিক ফান্ড স্থানান্তর প্রক্রিয়ার মাধ্যমে আবেদনকারী দ্বারা প্রদত্ত অ্যাকাউন্ট সংক্রান্ত বিশদ তথ্যাদি অনুযায়ী সুদরাশি জমা করে দেওয়া হবে।

#### 4. বাতিলকরণ

জারিকরন বন্ধ হওয়া অর্থাৎ জুলাই 22, 2016 তারিখ পর্যন্ত আবেদন বাতিলের অনুমতি আছে। গোল্ড বন্ড ক্রয়ের জন্য জমা পড়া অনুরোধ আংশিকভাবে বাতিল করার অনুমতি নেই। যদি আবেদন বাতিল করা হয় আবেদনের সাথে দেওয়া অর্থের জন্য কোনও সুদ প্রদান করার প্রয়োজন নেই।

## 5. পূর্বস্বত্ব রক্ষণ (লিয়েন মার্কিং)

যেহেতু বন্ডগুলি হল গভর্নমেন্ট সিকিউরিটি, গভর্নমেন্ট সিকিউরিটিজ অ্যাক্ট, 2006-এর বিদ্যমান আইনি বিধান এবং তার অধীনে গঠিত বিধি অনুসারে পূর্বস্বত্ব রক্ষণ ইত্যাদি হবে।

## 6. এজেন্সি ব্যবস্থাপনা

তফশিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্ক তাদের হয়ে আবেদনপত্র সংগ্রহ করতে এন বি এফ সি, এন এস সি এজেন্ট এবং অন্যদের নিয়োজিত করতে পারে। ব্যাঙ্ক এইসকল সংস্থার সাথে বন্দোবস্ত করতে, চুক্তি করতে বা গাঁটছড়া বাঁধতে পারে। আবেদন গ্রহণকারী কার্যালয়ে গৃহীত আবেদনের জন্য মোট জমা হওয়া সাবস্ক্রিপশন রাশির প্রতি একশ টাকার উপর এক টাকা হারে বন্টনকার্য বাবদ কমিশন প্রদান করা হবে এবং গ্রহণকারী কার্যালয়সমূহ এরূপে প্রাপ্ত কমিশনের অন্ততঃ 50% সেইসকল এজেন্ট বা সাব-এজেন্টদের মধ্যে ভাগ করবে যাঁদের মাধ্যমে ব্যবসাকর্মটি অর্জিত হয়েছে।

## 7. আরবিআই-এর ই-কুবের ব্যবস্থার মাধ্যমে প্রক্রিয়াকরণ

তফশিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্কের শাখা এবং দায়িত্বপ্রাপ্ত ডাকঘরগুলিতে সাবস্ক্রিপশন করার জন্য সভরেন গোল্ড বন্ড আর বি আই-এর ই-কুবের ব্যবস্থার মাধ্যমে উপলব্ধ থাকবে। ইনিফিনেট বা ইন্টারনেটের মাধ্যমে ই-কুবের ব্যবস্থায় প্রবেশ করা যাবে। আবেদন গ্রহণকারী কার্যালয়কে গৃহীত সাবস্ক্রিপশনের জন্য ডেটার খতিয়ানভুক্তি এবং একত্রীকৃত আপলোড-কার্য সম্পাদন করতে হবে। তারা খতিয়ানভুক্ত ডেটার অভ্রান্ততা নিশ্চিত করবে যাতে অনিচ্ছাকৃত ভুলের ঘটনা প্রতিরোধ করা যায়। তাদেরকে আবেদন গ্রহণের জন্য একটি তৎকালভিত্তিক নিশ্চয়তা স্বীকৃতি প্রদান করা হবে। তার সাথে, আবেদন গ্রহণকারী কার্যালয়কে তাদের ডেটাবেস নবীকরণে সক্ষম করার উদ্দেশ্যে ফাইল আপলোডের ক্ষেত্রে একটি নিশ্চয়তা স্বীকৃতি পরচা(কনফারমেশন স্ক্রল) প্রদান করা হবে। বন্ড আবন্টনের তারিখ(ডেট অফ অ্যালটমেন্ট), অগস্ট 5, 2016-তে সমস্ত সাবস্ক্রিপশনের জন্য ধারক প্রমাণপত্র প্রস্তুত করা হবে। গ্রহণকারী কার্যালয় সেগুলি ডাউনলোড করতে পারে এবং প্রিন্ট-আউট নিতে পারে। যেসব লগ্নিকারী তাঁদের ই-মেল ঠিকানা প্রদান করেছেন তাঁদেরকে ধারক প্রমাণপত্র ই-মেলের মাধ্যমেও প্রেরণ করা হবে। যেসব লগ্নিকারী তাঁদের ডিম্যাট অ্যাকাউন্ট সংক্রান্ত বিশদ তথ্যাদি জানিয়েছে, আবন্টনের তারিখে সিকিউরিটিগুলিকে তাঁদের ডিম্যাট অ্যাকাউন্টে জমা করা হবে।

## 8. ধারকত্বের প্রমাণপত্রের প্রিন্ট করা

A4 মাপের 100 জিএসএম কাগজে ধারক প্রমাণপত্রের রঙিন প্রিন্ট নিতে হবে।

## 9. সংশ্লিষ্ট পরিষেবা প্রদান এবং পরবর্তীকালের পরিষেবা অব্যাহত রাখা সংক্রান্ত ব্যবস্থাপনা

গ্রহণকারী কার্যালয়, অর্থাৎ, তফশিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্কের শাখা এবং দায়িত্বপ্রাপ্ত ডাকঘরগুলি গ্রাহকদের 'নিজস্ব' গ্রাহক হিসাবে গ্রাহ্য করবে এবং এই বন্ডটির বিষয়ে দরকারি পরিষেবা প্রদান করবে যেমন যোগাযোগ সংক্রান্ত বিশদ তথ্যের নবীকরণ, প্রাক-মেয়াদপূর্তী নগদীকরণ(এনক্যাশমেন্ট)-এর অনুরোধ গ্রহণ, ইত্যাদি। আবেদনকারী কার্যালয়গুলিকে বন্ডগুলির মেয়াদপূর্তী হওয়া এবং পরিশোধ হওয়া পর্যন্ত আবেদনগুলি সংরক্ষণ করতে হবে।

## 10. যোগাযোগ সংক্রান্ত বিশদ

কোনও জিজ্ঞাসা/স্পষ্টীকরণের জন্য নিম্নলিখিতের নিকট ই-মেল করতে হবে:

(a) সভরেন গোল্ড বন্ড সংক্রান্ত: ই-মেল পাঠাতে অনুগ্রহ করে [এখানে ক্লিক করুন](#)

(b) আইটি সংক্রান্ত: ই-মেল পাঠাতে অনুগ্রহ করে [এখানে ক্লিক করুন](#)

আপনার বিশ্বস্ত,

(রাজেন্দ্র কুমার)

মহাপ্রবন্ধক